6

দৈনিক ইনকিলাব

তারিখ 30 APR 1997
পৃষ্ঠা 12 কলাম 2

# ১ এপ্রিলের পর মাদ্রাসা শিক্ষা বোর্ডের নতুন কেন্দ্র প্রদান করা হয়নি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ ইউনুছ শিকদার এক বিবৃতিতে বলেন, তিনি গত ১ এপ্রিল মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করেন। তার দায়িত্ব গ্রহণের পর থেকে অদ্যাবধি তার জানামতে, কোন নতুন কেন্দ্র প্রদান করা হয়নি। ১৯৯৭ সালের আলিম, ফাজিল, কামিল, পরীক্ষার জন্য ২৬০টি কেন্দ্র রয়েছে। এর মধ্যে আলিমে ৪৮,২৬৪ জন, ফাজিলে ১৭,৭৪১ জন এবং কামিলে ৯,৬৭০ জন পরীক্ষার্থী রয়েছে। এসব কেন্দ্র পূর্ব থেকেই চলে আসছে। পরীক্ষা নিয়ন্ত্রকের শাখা থেকে কোন নতুন কেন্দ্র দেয়া হয়নি বলে উক্ত শাখা থেকে জানানো হয়েছে। প্রেস বিজ্ঞপ্তি।